# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 OCTOBER 2025                    7:45—7:55 PM**

---

১) কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের ৩ শতাংশ মহার্ঘভাতা বৃদ্ধি ।

২) রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ জন্মলগ্ন থেকেই রাষ্ট্র নির্মানের কর্মে ব্রত বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মত প্রকাশ ।

৩) আসামের জনপ্রীয় শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনায় অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং প্রয়াত শিল্পীর ম্যানেজার সিদ্ধার্থ শর্মাকে এস এই টি-র উদ্যোগে আজ মুখ্য বিচারপতির সামনে হাজির । যোরহাটে আজ প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধাঞ্জলী ।

এবং

৪) শারদীয় উৎসবের আজ মহানবমী ।আবোহাওয়ার অনিশ্চয়তার মধ্যেই আজ বিকেল থেকে গ্রাম-শহরে দর্শনার্থীর ঢল

---

কেন্দ্রীয় সরকারের কর্মচারী এবং পেনশনারদের মহার্ঘভাতা আরো ৩ শতাংশ বৃদ্ধি করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রীসভা আজ এই বৃদ্ধিতে অনুমোদন জানিয়েছে বলে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণু নতুন দিল্লীতে সাংবাদিকদের জানিয়েছেন । তিনি জানান যে এর ফলে প্রায় ৫০ লক্ষ কেন্দ্রীয় সরকারের কর্মচারী এবং প্রায় ৬৮ লক্ষ পেনশনার উপকৃত হবেন । চলতি বছরের পয়লা জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে ।

উত্তর-পূর্বাঞ্চল সহ দেশের বিভিন্ন প্রান্তে নতুন করে আরো ৫৭টি কেন্দ্রীয় বিদ্যালয় স্থাপন করা হবে এর মধ্যে ৫টি উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের জন্য বরাদ্দ করা হয়েছে । শ্রী বৈষ্ণু এ কথা জানিয়ে বলেন যে এর জন্য প্রায় ৮শো ৬২ কোটি টাকা ব্যায় করা হবে । তিনি আরো জানান যে সরকারের এই পদক্ষেপের ফলে প্রায়

৮৭ হাজার ছাত্র-ছাত্রী উপকৃত হবে  এবং নতুন করে আরো ৪ হাজার ৬শো অতিরিক্ত শিক্ষক পদ সৃষ্টি হবে বলেও তিনি কেন্দ্রীয়মন্ত্রী জানান ।

-----------------------------------------------------------------------------------------

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ( আর বি আই ) রেপো-রেট ৫ দশমিক ৫ শতাংশ অপরিবর্তীত রেখেছে বলে আর বি আই-র গভর্নর সঞ্জয় মালহোত্রা ঘোষণা করেছে । অন্যদিকে ২০২৫-২৬ অর্থ বছরের মূল ঘরোয়া উৎপাদন ( জি ডি পি )-র হার ৬ দশমিক ৮ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে বলেও আর বি আই সুত্রে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ ( আর এস এস ) জন্মলগ্ন থেকেই রাষ্ট্র নির্মানের কর্মে ব্রতী হয়ে আসছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রকাশ করেছেন । নতুন দিল্লীতে আজ অনুষ্ঠিত আর এস এস-এর শতবর্ষ অনুষ্ঠানে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী এ কথা বলেন । শতবর্ষ অনুষ্ঠানে আর এস এস-এর ইতিহাস , সাংস্কৃতিক অবদান এবং দেশের অখন্ডতা রক্ষায় সংগঠনের ভূমিকা সম্পর্কে আলোকপাত করা হচ্ছে । সমবেত কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন যে ১শো বছর পূর্বে  আর এস এস সংগঠন করা শুধুমাত্র দায়িত্ববোধই ছিল না , বরং হাজার হাজার বছর ধরে চলে আসা ভারতীয় পরম্পরাকে শক্তিশালী করার লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়েছিল । আর এস এস-এর স্বেচ্ছাসেবকরা দেশের সেবা এবং সমাজের সাবলীকরণে অক্লান্তভাবে নিজেদের উৎসর্গ করে আসছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । আর এস এস স্বেচ্ছাসেবকদের ১৯শো ৬৩ সালের গণতন্ত্র দিবসের পেরেডে অংশ গ্রহণ করার দিনটি তিনি আজও স্মরণ করেন বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী আর এস এস-এর দেশের প্রতি অবদান যোগানোর বিভিন্ন ক্ষেত্রের ওপর আলোকপাত করে বিশেষভাবে প্রস্তুত করা স্মারক ডাক টিকিট এবং ১টি মুদ্রারও উন্মোচন করেন । আগামীকাল বিজয়া দশমী বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এই উৎসব অসুন্দরের বিরুদ্ধে সুন্দর , অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের , অসত্যের বিরুদ্ধে সত্যের এবং অন্ধকারের বিরুদ্ধে আলোর পথের নির্দেশ করে ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে কেন্দ্রীয় সাংস্কৃতিক দপ্তরের মন্ত্রী গজেন্দ্র সিং শেখেওয়াত বলেন যে আর এস এস রাষ্ট্র নির্মানের প্রেরণাকে সর্বদা উদ্বুদ্ধ করে আসছে এবং দেশবাসীর মধ্যে সচেতনতা সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করে আসছে ।

-----------------------------------------------------------------------------------------

আজ আসাম পুলিশ দিবস । জনসাধারণের শান্তি , সুরক্ষা ও নিরাপত্তার স্বার্থে নিরলসভাবে কাজ করে যাওয়া আসাম পুলিশের বীরত্ব ও সমর্পণের প্রতি সম্মান

জানিয়ে এই দিবস পালন করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্বশর্মা আসাম পুলিশ দিবস উপলক্ষ্যে কর্মরত সব আধিকারিক , জওয়ানকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন ।তিনি বলেন যে জন হিত জনসেবার মূলমন্ত্রে সমাজের অতন্দ্র প্রহরী হিসেবে দায়বদ্ধভাবে কাজ করে যাওয়া পুলিশের লোকেরা হচ্ছে সাহস, ত্যাগ ও কর্তব্যনিষ্ঠার অম্লান প্রতীক । মূখ্যমন্ত্রী দেশ তথা জনসাধারণের সুরক্ষার্থে প্রাণ আহুতি দেওয়া আসাম পুলিশের প্রত্যেক বীরের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------------

আসামের জনপ্রীয় শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনায় অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং প্রয়াত শিল্পীর ম্যানেজার সিদ্ধার্থ শর্মাকে গতরাতে এস এই টি গ্রেপ্তার করে আজ সকালে মুখ্য বিচারপতির সামনে হাজির করে সি আই ডি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়েছে । আজ আদালত বন্ধ থাকা সত্ত্বেও তাদের মুখ্য বিচারপতির বাসভবনে হাজির করানো হয় এবং দন্ডাধীশ তাদের দুজনকে ১৪ দিনের জন্য পুলিশি জিম্মায় প্রেরণ করেন । সিঙ্গাপুরে বিশেষ পরিস্থিতিতে জনপ্রীয় শিল্পী জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের জন্য আসাম সরকারের গঠন করা এস আই টি ইতিমধ্যেই সি আই ডি কার্যালয়ে এই ঘটনার প্রত্যক্ষদর্শীদের জিজ্ঞাসাবাদ করেছে । গতকাল আসাম পুলিশের অনুসন্ধান শাখার দুজন আধিকারিক সিঙ্গাপুর পৌছেছেন । এস আই টি গতকালও জুবিন গার্গের সঙ্গে সিঙ্গাপুর যাওয়া সহশিল্পী অমৃতপ্রভা মহন্ত , বাদ্যযন্ত্রী শেখরজ্যোতি গোস্মামী , পুলিশ আধিকারিক সন্দিপন গার্গ এবং ব্যবসায়ী সঞ্জীব নারায়নকে জিজ্ঞাসাবাদ করেছে ।

এদিকে জুবিন গার্গের জন্মভিটে যোরহাটে আজ সর্বজনিন উদ্যোগে শ্রাদ্ধানুষ্ঠান এবং শ্রদ্ধাঞ্জলি প্রদানের আয়োজন করা হয় । যোরহাট ষ্টেডিয়ামে আয়োজন করা এই অনুষ্ঠানে সর্বধর্ম প্রার্থনা , হরিনাম , গীতাপাঠ ইত্যাদি পরিবশনের মাধ্যমে জনতার এই শিল্পীর প্রতি শ্রদ্ধা জানানো হয় । অনুষ্ঠানে অংশ নিয়ে অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মার গ্রেপ্তার প্রসঙ্গে জুবিন গার্গের পত্নী গরিমা শইকীয়া বলেন যে বাইট..

---------------------------------------------------------------------------------------

শারদীয় দূর্গাপূজার আজ মহানবমীতে দেবীকে সিদ্ধিদাত্রী রূপে পূজা-অর্চনা করা হয়েছে । দেবীর এই রূপ আধ্যাত্মিক জ্ঞান ও মহৎ শক্তিকে প্রতিফলিত করে । রাজ্যের প্রতিটি পূজা মন্ডপে জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধাঞ্জলী জানানো সহ তাঁর গান শোনা গেছে ।

শক্তিপীঠ কামাখ্যা ধাম সহ প্রাচীন দেবালয়গুলিতে নবরাত্রির প্রথম দিন থেকে দেবী দূর্গার পূজা অর্চনা করা হয়েছে । আজ নবম দিনে বিভিন্ন স্থানে নয়জন কুমারীর পূজা সম্পন্ন হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও শারদীয় দূর্গাপূজার মহানবমী উপলক্ষ্যে আজ উৎসবমূখর পরিবেশ বিরাজ করছে । গতকাল প্রতিকূল আবহাওয়ায় পুজো দর্শনার্থীদের আনন্দে ভাঁটা পড়লেও আজ তা কাটিয়ে উঠে বিভিন্ন বারোয়াড়ী পূজো মন্ডপে অগণিত দর্শনার্থীদের ভীড় পরিলক্ষিত হচ্ছে । আজ গভীর রাত পর্যন্ত এই ভীড় বাড়বে বলে আশা করা হচ্ছে । এদিকে আজ সকাল থেকেই মন্ডপে মন্ডপে মায়ের চরণে নবমীর অঞ্জলি দিতে ভক্তদের লাইন দেখা গেছে ।  দুপুরে মন্ডপগুলিতে মহাপ্রসাদও বিতরণ করা হয়েছে ।

শ্রীভূমি জেলার পাথারকান্দি ,নিলামবাজার ,আছিমগঞ্জ ,ভাঙ্গা , বদরপুর সহ অন্যান্য এলাকার পূজা মন্ডপগুলিতে ভক্তদের যথেষ্ট ভীড় পরিলক্ষিত হয়েছে । তবে পূজোর আজ শেষ দিন হওয়ায় ভক্তদের মন ভারাক্রান্ত হয়ে উঠেছে । আগামীকাল দশমী প্রতিমা নিরঞ্জনের মধ্য দিয়ে দূর্গোৎসবের সমাপ্তি হবে । এদিকে বিসর্জন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শ্রীভূমি জেলা প্রশাসন উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে বলে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন ।

হাইলাকান্দি জেলায় এইবার ছোটবড় মিলিয়ে প্রায় ৩৬০টি দুর্গাপূজা অনুষ্ঠিত হয়েছে । এরমধ্যে হাইলাকান্দি শহরে প্রায় ৪০টি পুজোর আয়োজন করা হয় । কেবল হাইলাকান্দি শহরেই নয়, জেলার গ্রামাঞ্চলেও পুজোকে কেন্দ্র করে ভক্তদের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে ।

উল্লেখ্য এই দূর্গাপুজোয় বারোয়ারি এবং ঘরোয়া মিলিয়ে বরাক উপত্যকায় এক হাজারেরও বেশি পুজো অনুষ্ঠিত হয়েছে । এর পরিপ্রেক্ষিতে পুজো সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তিন জেলা প্রশাসনের পক্ষ থেকে বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । বিশেষ করে শিলচর, শ্রীভূমি এবং হাইলাকান্দি শহরে যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছু বিধিনিষেধ বলবৎ করা হয়েছে । জনসাধারণ যাতে সুষ্ঠুভাবে ও নির্বিঘ্নে পুজোর আনন্দ উপভোগ করতে পারেন, তারজন্য কিছু কিছু এলাকায় যান চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---